

বিজ্ঞপ্তি

গবেষকদের জাতীয়স্তরের ধারাবাহিক আলোচনাসভা

বিশ্বভারতী বাংলা বিভাগ বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষকদের নিয়ে একটি জাতীয় স্তরের ধারাবাহিক সাপ্তাহিক আলোচনাসভার আয়োজন করতে চলেছে। এই আলোচনাচক্রে তরুণ গবেষকরা নিজেদের গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট কোনো বিষয়ে নিবন্ধ উপস্থাপন করতে পারবেন। নানা প্রতিষ্ঠানের গবেষকদের মধ্যে আন্তঃসম্পর্ক ও পারস্পরিক সংযোগ বৃদ্ধির জন্যই এইরকম একটি আলোচনাচক্রে আয়োজন। বিশ্বভারতী বাংলা বিভাগের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় বা অন্য কোনো প্রতিষ্ঠানে পিএইচ.ডি কোর্সে নথিভুক্ত গবেষকদের কাছ থেকে এই আলোচনাসভায় উপস্থাপনের জন্য বিষয়-প্রস্তাব আহ্বান করা হচ্ছে। এই পর্যায়ে বিষয়প্রস্তাব জমা দেওয়ার শেষ দিন আগামী ৩১ আগস্ট ২০২৫।

আলোচনাচক্রে দুই ধরনের উপস্থাপনের কথা ভাবা হয়েছে : উপস্থাপন চলতে পারে এককভাবে অথবা হতে পারে সুনির্দিষ্ট কোনো বিষয়ে তিন সদস্যের পর্যালোচনামূলক অধিবেশন (Panel Discussion)। বিষয়-প্রস্তাব পাঠানোর আগে এই কয়েকটি বিষয় নজরে রাখতে অনুরোধ করি :

- একক উপস্থাপনের বিষয়-প্রস্তাবের ক্ষেত্রে পাঁচটি সূচক শব্দের তালিকাসহ ৩০০-শব্দের একটি সারাৎসার পাঠাতে হবে, যা অবশ্যই উপস্থাপকের গবেষণাক্ষেত্রের সঙ্গে সম্পৃক্ত।
- বিষয়-ভিত্তিক আলোচনার ক্ষেত্রে (Panel Discussion) বাংলা সাহিত্য অথবা সাহিত্যের সঙ্গে সংশ্লিষ্ট কোনো বিষয় নিয়ে তিনজন আলোচকের একটি প্যানেল তৈরি করে যৌথভাবে ৫০০ শব্দের বিষয়-প্রস্তাব পাঠানো যেতে পারে। বিষয়-প্রস্তাবে তিন আলোচকের বক্তব্যবিষয় সম্পর্কে স্পষ্ট ধারণা ও আলোচনার একটি রূপরেখা থাকা বাঞ্ছনীয়।
- দুটি ক্ষেত্রেই বিষয়-প্রস্তাবের ওয়ার্ড ফাইল গুগল ফর্মের নির্দিষ্টস্থানে আপলোড করতে হবে। এই ফাইলে কোনোভাবেই গবেষকের (বিষয়ভিত্তিক পর্যালোচনার ক্ষেত্রে প্যানেলিস্টদের) নাম বা পরিচয় উল্লেখ করা যাবে না।
- প্রাপ্ত বিষয়-প্রস্তাবগুলি বিশেষজ্ঞমণ্ডলীর দ্বারা মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত হলে গবেষকদের ক্রমান্বয়ে আমন্ত্রণ জানানো হবে।
- বর্তমান শিক্ষাবর্ষেই সাপ্তাহিক এই আলোচনাসভা শুরু হবে।
- প্রতি সপ্তাহে (সাধারণত বৃহস্পতিবার, দ্বিতীয়ার্ধে) একজন করে গবেষককে নিবন্ধ উপস্থাপনের জন্য আমন্ত্রণ জানানো হবে।
- একক উপস্থাপনের ক্ষেত্রে বক্তা ৪০ মিনিট সময় পাবেন, বিষয়ভিত্তিক পর্যালোচনার (Panel Discussion) ক্ষেত্রে উপস্থাপকদের জন্য বরাদ্দ ২০ মিনিট।
- আলোচনাসভার শেষে উপস্থাপকদের শংসাপত্র প্রদান করা হবে।
- উপস্থাপনের দিন পূর্ণাঙ্গ গবেষণাপত্র (বিষয়ভিত্তিক পর্যালোচনার ক্ষেত্রে তিন বক্তার ৩-টি গবেষণাপত্র) জমা দিতে হবে।
- এই উপস্থাপনের জন্য কোনো রকম সাম্মানিকের ব্যবস্থা নেই এবং যাতায়াত ও আনুষঙ্গিক খরচ বহন করতে হবে গবেষককেই।

সংশ্লিষ্টসার পাঠানোর জন্য সংশ্লিষ্ট বিষয়

প্রাক-ঔপনিবেশিক বাংলা সাহিত্য
ঔপনিবেশিক পর্বের বাংলা সাহিত্য
বাংলা সাহিত্য ও উপনিবেশোত্তর সময়
বিশ্বায়ন ও সাম্প্রতিক বাংলা সাহিত্য
বাংলা ভাষা ও ভাষাবিজ্ঞান
সংরূপভিত্তিক পর্যালোচনা
সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা
লোকসংস্কৃতি ও লোকসাহিত্য
রবীন্দ্রসাহিত্য
তুলনামূলক সাহিত্য
আন্তর্বিদ্যা চর্চা
ভারতীয় জ্ঞানতন্ত্র ও বাংলা ভাষা-সাহিত্য

বিষয়প্রস্তাব পাঠানোর জন্য

<https://forms.gle/uuaEt1R9pZL7YWEq8>



প্রয়োজনে যোগাযোগ করা যেতে পারে:

nilratan.sarkar@visva-bharati.ac.in

৯৪৩৩৯৫৭৭৭১ (নীলরতন সরকার)

৯৭৩২৬৪৪৯৬৭ (শান্তনু মণ্ডল)